

## “সফল (Model) সমবায় সমিতি”

### প্রতিষ্ঠা ও নিবন্ধন:

রাজ্যগবাড়িয়া জেলার সরাইল উপজেলাধীন “শাপলা মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড” বিগত ২০০৯ খ্রি. সনে প্রতিষ্ঠিত। যার নিবন্ধন নং ৮৬, তারিখ:-২৩/১১/২০০৯ খ্রি। প্রতিষ্ঠালগ্ন হতে অদ্যাবধি সমিতিটি অত্যন্ত সুনামের সহিত কার্যক্রম পরিচালনা করে আসছে।

### সমিতির সদস্য সংখ্যা:

সমিতির বর্তমান সদস্য সংখ্যা ৯৭ জন।

### তহবিলের পরিমাণ/তহবিলের অবস্থা/এতদ সংক্রান্ত কার্যক্রম:

তহবিলের পরিমাণ : : ৯.৫৮ লক্ষ টাকা। তন্মধ্যে সমিতির নিজস্ব মূলধনের পরিমাণ ১.২১ লক্ষ টাকা। সদস্যদের জমাকৃত সঞ্চয় আমানতের পরিমাণ ৮.৩৭ লক্ষ টাকা।

### তহবিলের অবস্থা :

নগদ ও ব্যাংক স্থিতি : ৫.০৩ লক্ষ টাকা। তন্মধ্যে ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত কৃষি ব্যাংক সরাইল শাখায় সঞ্চয়ী হিসাবে ৫.০৩ লক্ষ টাকা জমা আছে। বিনিয়োগকৃত অর্থের পরিমাণ ৪.৫৫ লক্ষ টাকা।

### তহবিল দ্বারা গৃহিত কার্যক্রম :

তহবিলের অর্থ জলমহালে বিনিয়োগ করা হয়েছে। বিল নীল লইঙ্কা জলমহালে বিনিয়োগ ৪.২৭ লক্ষ টাকা।

### স্থাবর/অস্থাবর সম্পত্তির পরিমাণ :

কোন স্থাবর সম্পত্তি অর্জন করে নাই। অস্থাবর সম্পত্তির পরিমাণ ১০.১০ লক্ষ টাকা।

### গৃহীত ঋণের পরিমাণ এবং ঋণ পরিশোধের অবস্থা : ঋণ গ্রহণ করে নাই।

### ২০২০-২০২১ বছরের আয়-ব্যয় ও নীট লাভ :

৩০/০৬/২০২০ তারিখে হাতে নগদ অর্থ ছিল ৫৭৫০০ টাকা। ২০২০-২০২১ বছরের মোট আয় ১২.৫৯ লক্ষ টাকা। মোট ব্যয় ১৩.১৭ লক্ষ টাকা। ২০২০-২০২১ অর্থ বছরের নীট লাভ ৩০৯২০ টাকা।

### সদস্যদের বার্ষিক লভ্যাংশ বন্টন, অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল প্রদান :

অবন্টিত লাভ ৫০৯৭০ টাকা সদস্যদের মধ্যে শেয়ারের বিপরীতে লভ্যাংশ হিসাবে বন্টন করা হয়নি। ২০২০-২০২১ অর্থ বছরের নীট লাভের উপর ধার্যকৃত অডিট ফি ৪০০০/-, ভ্যাট ৬০০/- ও সমবায় উন্নয়ন তহবিল ৯১৮/- পরিশোধ করেছে। অডিট ফি ও সিডিএফ বকেয়া নাই।

### ২০২০-২০২১ সনের অডিট ও অডিট সংশোধনী দাখিল :

বিগত ২৮/১২/২০২১ তারিখে অডিট সম্পন্ন করা হয়েছে। অডিটে কোন আর্থিক অনিয়ম পরিলক্ষিত হয় নাই। অডিট সংশোধনী দাখিল করেছে ০৯/০২/২০২২ তারিখে।

### বার্ষিক সাধারণ সভা(এজিএম) এবং ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত:

২০২০-২০২১ অর্থ বছরের এজিএম অনুষ্ঠিত হয়েছে ২০/০২/২০২১ তারিখে। ২০২১-২০২২ অর্থ বছরের এজিএম অনুষ্ঠিত হয়েছে ১৫/০২/২০২২ তারিখে। ব্যবস্থাপনা কমিটির মাসিক সভার সংখ্যা ১১টি।

### অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন, নির্বাচন :

এ পর্যন্ত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন করার প্রয়োজন হয় নাই। সর্বশেষ নির্বাচনের তারিখ ২০/১১/২০১৯, প্রথম সভা অনুষ্ঠিত হয় ২০/১১/২০১৯ তারিখে।


### কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি :

২০২০-২০২১ বছরে স্ব-কর্মসংস্থান হয়েছে ৯৭ জন সদস্যের। খনকালীন কর্মসংস্থান হয়েছে ০২ জনের।

সদস্যদের অভিযোগের উপর তদন্ত : এ পর্যন্ত কোন তদন্তের প্রয়োজন হয় নাই।

কিভাবে সফল হলো তার বর্ণনা :

এ উপজেলায় বিদ্যমান অন্যান্য সমবায় সমিতির জন্য এ সমবায় সমিতিটি একটি রোল মডেল হিসেবে বিবেচনা করা যায়। কারণ এ পর্যন্ত অন্তর্ভুক্তি ব্যবস্থাপনা কমিটি গঠন করার প্রয়োজন হয় নাই। এ পর্যন্ত কোন তদন্তের প্রয়োজন হয় নাই। অডিটে কোন আর্থিক অনিয়ম (অর্থ আঘাসাৎ, তহবিল তচ্ছুপ, অর্থ ব্যয়ের ক্ষেত্রে অনিয়ম) পরিলক্ষিত হয় নাই। সমিতির তহবিল বিশেষ করে সঞ্চয় আমানত দিন দিন বৃদ্ধি পাচ্ছে। কোন প্রকার তাগাদা ছাড়াই এজিএম করে অডিট সংশোধনী দাখিল করার প্রবণতা লক্ষ্য করা গেছে। বর্তমান ব্যবস্থাপনা কমিটির সততা, নিষ্ঠা ও একান্তিক প্রচেষ্টায় সমিতির কার্যক্রম দিন দিন উন্নতির দিকে ধাবিত হচ্ছে। সমিতির ব্যবস্থাপনায় সমবায় সমিতি আইন, ২০০১, (সংশোধিত, ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এবং উপ-আইনের নির্দেশনা যথাযথভাবে পালনে যথেষ্ট সচেষ্ট রয়েছে। তাছাড়া অত্র সমিতিটি ২০২১ সালে উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ সমবায় সমিতি হিসেবে নির্বাচিত হয়েছে।

  
উপজেলা সমবায় আর্থসার  
সরাইল, বান্দরবান্ডিয়া।  
20/9/22